

জাত পরিচিতি

বিআর৭ বোরো ও আউশ উভয় মৌসুমের জাত। এর জনপ্রিয় নাম ব্রি বালাম। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৭৭ সালে এ জাত উদ্ভাবন করেছে।



বিআর৭

জাতের বৈশিষ্ট্য

- ▶ গড় উচ্চতা ১২৫ সেন্টিমিটার।
- ▶ চাল লম্বা ও চিকন।

জীবনকাল

গড় জীবনকাল ১৫৫ দিন (বোরো) এবং ১৩০ দিন (আউশ)

ফলন

ফলন হেক্টর প্রতি ৪.৫ টন (বোরো) এবং ৩.৫ টন (আউশ)

চাষাবাদ পদ্ধতি

১. বীজতলায় বীজ বপনঃ বোরো মৌসুমে ২০ কার্তিক- ৫ অগ্রহায়ণ (৪-১৯ নভেম্বর) এবং রোপা আউশে ১৫-৩০ চৈত্র (২৯ মার্চ-১৩ এপ্রিল)।
২. চারার বয়সঃ বোরো মৌসুমে ৪০-৪৫ দিন এবং আউশে ২০-৩০ দিন।
৩. রোপণ দূরত্বঃ ২০x১৫ সেন্টিমিটার।
৪. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ

৪.১	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিংক (বোরো মৌসুমে)
	৪০	১৩	২২	১৫	১৫
৪.২	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিংক (আউশ মৌসুমে)
	১৮	৭	১১	০	০

৪.৩ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৬০ দিন পর প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করা উত্তম।

৫. আগাছা দমনঃ রোপনের পর অন্তত ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৬. সেচ ব্যবস্থাপনাঃ ধানের চাল শক্ত হওয়া পর্যন্ত প্রয়োজনে সম্পূরক সেচ দিতে হবে।

৭. রোগ বালাই দমনঃ অনুমোদিত বালাই দমন ব্যবস্থা অনুসরণ করতে হবে।

৮. ফসল পাকা ও কাটাঃ বোরো মৌসুমে ১-১৫ বৈশাখ (১৪-২৮ এপ্রিল) এবং রোপা আউশে ২৫ শ্রাবণ-১০ ভাদ্র (৯ আগস্ট-২৫ আগস্ট)

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brrri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যাঙ্ক শীট ৩০